# পাণ্ডবেশ্বরে নরেন-ঘনিষ্ঠ তৃণমূল প্রধান রামচরিত্র পাসওয়ান গ্রেপ্তার



**নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর:** এলাকায় হুমকি সন্ত্রাস ও মানুষকে ভয় দেখিয়ে তোলাবাজির অভিযোগে গ্রেপ্তার তৃণমূল পঞ্চায়েত প্রধান রামচরিত্র পাসওয়ান। কে এই রামচরিত্র পাসওয়ান? বছর সাতের আগে যে পাণ্ডবেশ্বর বিধানসভার বাকোলা কোলিয়ারির ইন্দিরাচক এলাকায় ছোট্ট একটা দোকান চালাতেন, বর্তমানে সেই তিনিই সারদা পল্লী এলাকায় তৈরি করেছেন বিশাল অট্টালিকা। তাঁর এই উত্থানে নানান প্রশ্ন ওঠে এলাকায়। কিভাবে এই সামান্য কয়েকটা বছরে এত টাকার সম্পত্তি হল রামচরিত্রর? একেবারে গলি থেকে রাজপথের মতো দৃষ্টান্ত পঞ্চায়েত প্রধানের। স্থানীয় সূত্রে জানা যায়, পঞ্চায়েত প্রধান তথা তৃণমূল নেতা রামচরিত্র পাসওয়ান প্রাক্তন পাণ্ডবেশ্বর বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তীর ঘনিষ্ঠ এবং খুব কাছের লোক বলে পরিচিত ছিল। সেই পরিচিতিকে কাজে লাগিয়েই মানুষকে ভয় দেখানো থেকে শুরু করে নানান তোলাবাজিতে যুক্ত ছিলেন এই প্রধান,বলে অভিযোগ। একই এলাকার বাসিন্দা বিক্রান্ত সাউ নামে এক ব্যক্তি জানান, সারদা পল্লী এলাকায় রাস্তা দখল করে, প্রভাব খাটিয়ে রামচরিত্র তার অট্টালিকা বানিয়েছে। কিছু বলতে গেলেই হুমকি আসতো। শুধুমাত্র সেই সময়ে শাসকদলের প্রধান ছিল বলেই তার এত প্রভাব প্রতিপত্তি ছিল। এদিন তাঁর গ্রেপ্তারিতে খুশি ওই এলাকার মানুষও। পাণ্ডবেশ্বর বিধানসভা এলাকায় সোমবার সন্ধ্যায় পুলিশের অভিযানের পর রাজনৈতিক মহলে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ছোড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান তথা তৃণমূল কংগ্রেস নেতা রামচরিত্র পাসওয়ানকে অবৈধ তোলাবাজি ও সাধারণ মানুষকে ভয় দেখানোর অভিযোগে গ্রেপ্তার করেছে পুলিশ। স্থানীয় রাজনৈতিক মহলে তিনি তৃণমূলের জেলা সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তীর ঘনিষ্ঠ বলেই পরিচিত। পুলিশি অভিযানের খবর ছড়িয়ে পড়তেই এলাকাজুড়ে শুরু হয় জোর চর্চা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই রামচরিত্র পাসওয়ানের বিরুদ্ধে এলাকায় অবৈধ তোলাবাজি, সাধারণ মানুষকে ভয় দেখানো এবং চাপ সৃষ্টি করার অভিযোগ উঠছিল। সেই অভিযোগের ভিত্তিতেই সোমবার সন্ধ্যায় পুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। যদিও গোটা ঘটনার বিষয়ে এখনও পর্যন্ত পুলিশের পক্ষ থেকে বিস্তারিত কোনও সরকারি বিবৃতি দেওয়া হয়নি। মঙ্গলবার ধৃত তৃণমূল পঞ্চায়েত প্রধানকে আদালতে পেশ করা হয়।

## বাড়ি ফিরতে করতে হয়েছিল ওঠবোস!

# ২১-এর ভোট পরবর্তী হিংসার বিচার চেয়ে থানায় মহিলা বিজেপি কর্মীরা



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** ২০২১ সালে বিধানসভা নির্বাচনে হেরে গিয়েছিল বিজেপি। সেই সময় বিজেপি কর্মীদের কান ধরে ওঠবোস করানো হয়েছিল। দেওয়া হয়েছিল হুমকি। এলাকায় থাকতে গেলে বিজেপি করা যাবে না এমনই ফতোয়া জারি করেছিল তৃণমূল কর্মীরা। সেই দিন থেকেই আতঙ্কের মধ্যে থাকতে হতো বিজেপি কর্মীদের। বিশেষ করে মহিলাদের। সেই আতঙ্ক আজও ভুলতে পারেননি দুর্গাপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের কাঁকসা গোপালপুর উত্তরপাড়ার মহিলারা। বর্তমানে রাজ্যে বিজেপি ক্ষমতায় এসেছে। তাই ভয় কাটিয়ে এবার সেই ঘটনায় যুক্ত দোষীদের শাস্তির দাবি জানালেন মহিলারা। সোমবার সন্ধ্যায় কাঁকসা থানার গিয়ে লিখিত অভিযোগ জানান একদল মহিলা। পরে রাতে এফআইআর দায়ের হয়। মহিলাদের অভিযোগ, তারা এলাকায় বিজেপি করতেন বলে ২০২১ সালে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর থেকেই তাদের উপর শারীরিক এবং মানসিক অত্যাচার শুরু করে এলাকার তৃণমূল নেতারা। ভোটের ফল ঘোষণার পর ঘরছাড়া থাকেন বহুদিন। পরে ঘরে ফেরার জন্য তাদের পায়ে ধরে ক্ষমা চাইতে হয়। এমনকি কান ধরে ওঠবোস করতে হয় তাদের। তার পরেই তাদের বাড়ি ঢুকতে দেওয়া হয়েছিল। ভয়ে সেই সময় থেকে কেউ আর প্রশাসনের দ্বারস্থ হতে পারেননি। এবার বিধানসভা নির্বাচনের আগেও একইভাবে তাদের হুমকি দেওয়া হয়েছিল। ভোটের ফলাফল ঘোষণার আগের দিন পর্যন্ত তাদের ভয়ের মধ্যেই দিন কাটাতে হচ্ছিল। ৪ মে ফলাফল ঘোষণার পর কিছুটা সাহস পান মহিলারা। এরপরেই তারা এক জোট হয়ে কাঁকসা থানায় লিখিতভাবে অভিযোগ করেন। অভিযোগ উঠেছে তৃণমূল নেতা রোমেন্দ্রনাথ মণ্ডল-সহ প্রায় ১০ জন কর্মী তাদের হুমকি দেয়, অত্যাচার করে সেই সময়। সেই ঘটনায় যুক্তদের কঠোরতম শাস্তির দাবি জানিয়েছেন মহিলারা।

## দুর্নীতি নির্মূল করাই লক্ষ্য

# হাসপাতাল পরিদর্শনে বর্ধমান দক্ষিণের বিধায়িকা



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** হাসপাতালে দুর্নীতি রুখতে এবার হাসপাতাল পরিদর্শন করে দেখলেন বর্ধমান দক্ষিণের বিধায়িকা। পাশাপশি বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালের সুপারের সঙ্গে দেখাও করেন এবং কি অসুবিধা সুবিধা সে সমস্ত বিষয় নিয়ে কথা বলেন। জানা গিয়েছে, আগামী দিনে আরও সুন্দরভাবে সাজানো হতে চলেছে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতাল। তার মধ্যে দালাল চক্র বন্ধ থাকবে। বিশেষ করে অ্যাম্বুল্যান্স চালকদের দিকে নজর রাখা হবে। যারা রোগীদের বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে না এনে নার্সিংহোমে নিয়ে চলে যায় তাদের দিকে নজর রাখা হবে। বিধায়িকা জানিয়েছেন, 'দূর দূর থেকে যে সমস্ত রোগীর আত্মীয়-স্বজন আসেন, তাদের নির্দিষ্ট থাকার ব্যবস্থা করা হবে। কারণ এই হাসপাতালে যেখানে সেখানে বসে থাকে রোগীর আত্মীয়-স্বজনরা। তৃণমূলের নেতাদের ছত্রছায়ায় থেকে বেআইনিভাবে যাদের নিয়োগ করা হয়েছে, তাদেরকে চিহ্নিত করা হবে, শুধু তাই নয় বর্ধমান শহরে যেভাবে ব্যাঙের ছাতার মত নার্সিংহোম গজিয়েছে, সেই দিকে নজর দেওয়া হবে।' এদিন বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে সুপার এবং ডাক্তার, সিস্টার ও কর্মচারীরা সম্বর্ধনাজ্ঞাপন করেন বিধায়িকাকে। বিধায়িকা বলেন, 'হসপিটাল এমন একটা জায়গা, যেখানে মানুষ আনন্দের জন্য আসে না। দুঃখের সঙ্গে তাদের আসতে হয়। তাদেরকে কোনও ভাবেই কষ্ট দেওয়া যাবে না। শুধুমাত্র মায়েরা আছেন, যারা সন্তান জন্ম দেন তারা একমাত্র হাসি মুখে হাসপাতাল থেকে বাড়ি যান। বর্ধমান শহরের বিভিন্ন জায়গায় পৌরসভার পক্ষ থেকে স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে কিন্তু পরিকাঠামো ঠিকঠাক ভাবে থাকলেও, পরিচালনা করার মতো কোনও ডাক্তার নিয়োগ হয়নি, সেদিকটাও নজর দিতে হবে।'

# চন্দ্রনাথ হত্যাকাণ্ডে অভিযুক্তকে সিবিআই হেপাজতের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের হত্যাকাণ্ডের অন্যতম অভিযুক্ত রাজকুমার সিংকে গ্রেপ্তার করে বারাসাত আদালতে পেশ করল সিবিআই। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার মুজাফফর নগর পুলিশ এবং সিবিআইয়ের যৌথ অভিযানে রাজকুমার সিংকে গ্রেপ্তার করা হয়। তদন্তকারীদের দাবি, হত্যাকাণ্ডের পর থেকেই সে পলাতক ছিল। গোপন সূত্রে খবর পেয়ে তাকে গ্রেফতার করা হয়। এই ঘটনায় ইতিমধ্যেই চারজনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে তদন্তকারী সংস্থা। বৃহস্পতিবার ধৃত রাজকুমার সিং-সহ আগে গ্রেপ্তার হওয়া তিন অভিযুক্তকেই মঙ্গলবার বারাসাত আদালতে পেশ করে সিবিআই। তদন্তের স্বার্থে তাকে নিজেদের হেপাজতে নেওয়ার আবেদন জানানো হলে বিচারক তা মঞ্জুর করেন।

# কুরবানীতে সরকারি নির্দেশ পালন করার আর্জি রামপুরহাট ইমাম ও মোয়াজ্জেম ওয়েলফেয়ার সমিতির



**নিজস্ব প্রতিবেদন, বীরভূম:** নতুন সরকার গঠন হওয়ার পরই কুরবানীতে গোরু, মোষ জবাই করার সিদ্ধান্ত থেকে সরে দাঁড়ালেন মুসলিম সমাজের একাংশ। মঙ্গলবার রামপুরহাট ইমাম ও মোয়াজ্জেম ওয়েল ফেয়ার সমিতির সদস্যরা সাংবাদিক সম্মেলন করে সে কথাই জানালেন। হাইকোর্টের নির্দেশ এবং সরকারের জারি করার নির্দেশ মেনেই তাঁদের এই সিদ্ধান্ত বলেই জানান তাঁরা। ১৯৫০ সাল থেকে জারি হওয়া হাইকোর্টের রায় ও সরকারি নির্দেশে বলা আছে, ১৪ বছরের উপরে গোরু বা মোষ জোবাইয়ের জন্য ব্যবহার করা যেতে পারে। কিম্বা কোন পশু যদি শারীরিকভাবে অক্ষম বা অচল হয়ে পড়ে তবে তা জোবাইয়ের জন্য ব্যবহার করা যেতে পারে। কিন্তু কুরবানীতে অচল বা ১৪ বছরের উপরে পশু হালাল করা নিষিদ্ধ, তাই তাঁদের আবেদন 'সমাজে যাতে বিশৃঙ্খলা না হয়, সরকারি আইন ভঙ্গ না করে কুরবানীতে ছাগল, উট, ভেড়া, দুম্বা সকলের লোকচক্ষুর আড়ালে জবাই করে কুরবানী পালন করুন।'

# গ্রেপ্তার জ্যোতিপ্রিয় ঘনিষ্ঠ তৃণমূল নেতা তারক দে

**নিজস্ব প্রতিবেদন, হাবড়া:** তোলাবাজিও হুমকির অভিযোগে গ্রেপ্তার জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ তৃণমূল নেতা তারক দে। সোমবার রাতে বারাসাতে ওই তৃণমূল নেতার ফ্ল্যাট থেকে তাকে গ্রেপ্তার করে হাবড়া থানার পুলিশ। ধৃতের বিরুদ্ধে সোমবার এক টোটো চালক তোলাবাজির অভিযোগ দায়ের করেন। মঙ্গলবার তাকে ৭ দিনের পুলিশ হেপাজতের আবেদন করে তোলা হয় বারাসাত আদালতে। বিচারপতি চারদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন। হাবড়া বিধানসভা কেন্দ্র থেকে জ্যোতিপ্রিয় মল্লিক তারককে সঙ্গে নিয়েই এবার ভোট প্রচারে নেমেছিলেন। বলা যায় প্রচারের অন্যতম সঙ্গী ছিল তারক। মঙ্গলবার দুপুরে হাবড়া থানা থেকে বারাসাত আদালতে নিয়ে যাওয়ার জন্য পিজন ভ্যানে তোলার পর দেখা যায় থানা চত্বরেই 'চোর চোর' স্লোগান তোলেন বেশ কিছু মানুষ।

# উত্তর ২৪ পরগনায় সীমান্তে ৩৫৩ একরের মধ্যে ১৮০ একর জমি বিএসএফকে হস্তান্তর

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** দেশের সুরক্ষার জন্য জোর কদমে চলছে সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার কাজ। মঙ্গলবার ঘোজাডাঙা সীমান্তে জমি অধিগ্রহণ নিয়ে কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তর, জেলাশাসক, পুলিশ সুপার, ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিকদের নিয়ে প্রশাসনিক বৈঠকের পর এমনটাই জানালেন জেলাশাসক শিল্পা গৌরি সারিয়া। উত্তর ২৪ পরগনার বসিরহাট পুলিশ জেলার বনগাঁ, স্বরূপনগর থেকে সামশেননগর পর্যন্ত ১৫১ কিলোমিটার সীমান্ত রয়েছে। তার মধ্যে ৫০ কিলোমিটার অরক্ষিত রয়েছে। তার কাজ দ্রুত করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। সেই সঙ্গে জল সীমায় বিএসএফ ও পুলিশ যৌথভাবে অতিরিক্ত নজরদারি চালাবে। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন ৪৫ দিনের মধ্যে বিএসএফকে জমি হস্তান্তর করতে হবে। সেই নিয়ে এদিন ঘোজাডাঙা সীমান্তে উত্তর ২৪ পরগনা জেলাশাসক শিল্পা গৌরি সারিয়া, মহাকুমার শাসক জেসলিন কৌর, ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর, বসিরহাট পুলিশ জেলার পুলিশ সুপার অলকনন্দা ভাওয়াল, অতিরিক্ত পুলিশ সুপার পার্থ ঘোষ, সীমান্তের গ্রামবাসীদের নিয়ে একটি প্রশাসনিক বৈঠক করেন। দ্রুত জমি অধিগ্রহণ হবে বলে জানানো হয়েছে। আজ ঘোজাডাঙা বিএসএফ ক্যাম্পে জেলা শাসক বিএসএফ কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তর ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর সহ ১৬ জনের একটি প্রতিনিধি দল প্রশাসনিক বৈঠক করেন। সেখানেই জেলাশাসক জানান, 'ইতিমধ্যে অর্ধেকের বেশি জমি অধিগ্রহণ হয়ে গেছে। জেলার মধ্যে সীমান্ত সুরক্ষায় কাঁটা তারের বেড়ার জন্য জমি প্রয়োজন ৩৫৩ একর। এরমধ্যে ১৮০ একর জমি বিএসএফকে হস্তান্তর করা হয়েছে। বাকি ১৭৩ একর জমির অধিগ্রহণ চলছে। জমির জন্য অর্থ দেওয়ার সাথে সাথে ডিড তৈরি হচ্ছে। সঙ্গে সঙ্গে জমি বিএসএফকে হস্তান্তর করা হচ্ছে। সেইমত কাঁটা তারের বেড়াও দেওয়া হচ্ছে।' কাঁটাতারের ওপারে যেসব পরিবার রয়েছে তাদেরকে পুনর্বাসন দিয়ে কাঁটাতারে এপারে নিয়ে আসার চেষ্টা চলছে। দেশের এবং নাগরিকদের সুরক্ষার জন্য সীমান্তবাসীরা জমি দেবেন বলে জানালেন প্রশাসনিক আধিকারিকরা।

# মগরায় গ্রেপ্তার তৃণমূল ঘনিষ্ঠ বৈদ্যনাথ সাহা

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** তৃণমূল কংগ্রেস সরকারের আমলে খুনের মামলায় গ্রেপ্তার হুগলির মগরার তৃণমূল ঘনিষ্ঠ বৈদ্যনাথ সাহা ওরফে বৈদ্য। যার বিরুদ্ধে খুন, তোলাবাজি ভয় দেখিয়ে জমি দখল-সহ একাধিক অভিযোগ রয়েছে। তার প্রতিপত্তি মগড়া অঞ্চলে রীতিমতো চর্চার বিষয় হয়ে দাঁড়ায় বিগত কয়েক বছরে। অথচ তৃণমূল ঘনিষ্ঠ হওয়ায় তার টিকি ছুঁতে পারেনি পুলিশ। গত বছর ২১ মে বাঁশবেড়িয়ার যুবক লক্ষ্মণ চৌধুরী নিখোঁজ হয়। বৈদ্যর জন্য সে কাজ করত। স্থানীয় একটি ক্লাবে লক্ষ্মণকে খুন করে গঙ্গায় ভাসিয়ে দেওয়া বলে অভিযোগ। তার মৃতদেহ আজও উদ্ধার হয়নি। যুবকের পরিবার বৈদ্য-সহ কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ করেন। ঘটনায় তিনজনকে আগেই গ্রেপ্তার করলেও বৈদ্যর বিরুদ্ধে কোনও পদক্ষেপ করেনি পুলিশ বলে অভিযোগ ছিল মৃতের পরিবারের। অবশেষে সরকার বদল হতেই সেই মামলায় সক্রিয় হল পুলিশ। মঙ্গলবার মগড়া থানার পুলিশ বৈদ্যকে ঈশ্বর গুপ্ত সেতু থেকে গ্রেপ্তার করে।

# গঙ্গারামপুরে 'জন ভাগিদারী' ক্যাম্প



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** পিছিয়ে পড়া জনজাতি বা আদিবাসী সম্প্রদায়ের মানুষের কাছে সরকারি পরিষেবা ও বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা ১০০ শতাংশ নিশ্চিত করতে দক্ষিণ দিনাজপুর জেলাজুড়ে শুরু হয়েছে বিশেষ অভিযান 'জন ভাগিদারী - সবসে দূর, সবসে পহলে'। এই কর্মসূচির অঙ্গ হিসেবে এদিন গঙ্গারামপুর ব্লকের নারই জুনিয়র হাইস্কুল এবং সিংফরকা প্রাথমিক বিদ্যালয়ে একটি বিশেষ আই.ই.সি. (তথ্য, শিক্ষা ও যোগাযোগ) ক্যাম্প অনুষ্ঠিত হয়। এদিনের এই বিশেষ শিবিরে নারই, সিংফরকা, অনন্তপুর, কাটাবন, কাঁঠালহাট- হোসেনপুর, রাঘবপুর-সহ বিস্তীর্ণ এলাকার কয়েকশো গ্রামবাসী অংশগ্রহণ করেন। ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির মূল লক্ষ্য হল, সরকারি প্রকল্প সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করা এবং তাঁদের হাতে পরিষেবার সুফল সরাসরি তুলে দেওয়া। এদিন নারই জুনিয়র হাইস্কুলে আয়োজিত ক্যাম্পে উপস্থিত ছিলেন গঙ্গারামপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক সত্যেন রায় এবং গঙ্গারামপুর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক অর্পিতা ঘোষাল। বিধায়ক সত্যেন রায় ক্যাম্পের বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং উপস্থিত জনগণের সঙ্গে সরাসরি কথা বলেন। সরকারি কাজ শেষে বিদ্যালয় চত্বরে তিনি চারাগাছ রোপণ করে পরিবেশ রক্ষার বার্তাও দেন। এ বিষয়ে বিধায়ক সত্যেন রায় বলেন, 'সাধারণ মানুষের উন্নয়ন ও স্বার্থ রক্ষাই আমাদের প্রধান লক্ষ্য। এই অভিযানের মূল উদ্দেশ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পগুলো সরাসরি মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া এবং তাঁদের অভাব-অভিযোগের তাৎক্ষণিক সমাধান করা।' জেলাশাসক বালাসুব্রামনিয়ান টি. বলেন, 'আগামী কয়েকদিন আমাদের আধিকারিকরা সরাসরি ক্যাম্পে গিয়ে সরকারি পরিষেবা নিশ্চিত করবেন, যাতে প্রান্তিক স্তরের কোনো মানুষ সুবিধা থেকে বঞ্চিত না হন।' এই বিশেষ প্রচার অভিযান আগামী ২৫ মে পর্যন্ত জেলার প্রতিটি ব্লকে ধারাবাহিকভাবে চলবে।

GPT group

**জিপিটি হেলথ্‌কেয়ার লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: জিপিটি সেন্টার, জেসি - ২৫, সেক্টর-৩, সল্টলেক, কলকাতা - ৭০০ ১০৬
CIN- U70101WB1989PLC047402, ওয়েবসাইট- www.ilshospitals.com,
ই-মেল- ghl.cosec@gptgroup.co.in, ফোন-০৩৩ - ৪০৫০ ৭০০০

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|
| | ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
| ১ কার্যাদি থেকে মোট আয় | ১২,৬৩৭.১৮ | ১০,১৪০.২২ | ৪৭,২৫৪.৭০ | ৪০,৭০৯.১৪ |
| ২ নিট লাভ কর পূর্ব সাধারণ কাজকর্ম থেকে | ১,৫৮৬.৪৮ | ১,৬৩৬.৮৯ | ৫,৪৮০.৫৫ | ৬,৯৩৪.৫৬ |
| ৩ নিট লাভ কর পরবর্তী সাধারণ কাজকর্ম থেকে | ১,৪৫৬.৬০ | ১,২৮৯.০০ | ৪,২২২.০৫ | ৪,৯৯২.১৭ |
| ৪ মোট ব্যাপক আয় | ১,৪৪৭.২৩ | ১,৩০৬.৯৩ | ৪,২০৯.১১ | ৪,৯৮৭.৪০ |
| ৫ ইক্যুইটি শেয়ার মূলধন ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটির | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ |
| ৬ শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)* মৌলিক এবং মিশ্রিত | ১.৭৮* | ১.৫৭* | ৫.১৫ | ৬.০৮ |

দ্রষ্টব্য :
১ উপরোক্তটি ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ, যা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com এবং www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.ilshospitals.com -তেও পাওয়া যাবে।
২ কোম্পানির পরিচালক পর্ষদ @ ১৫% চূড়ান্ত লভ্যাংশ অর্থাৎ প্রতি ইকুইটি শেয়ারে ১.৫০ টাকা দেওয়ার প্রস্তাব করেছে, যা আসন্ন বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের শর্তাধীন। কোম্পানিটি ২০২৫-২৬ অর্থবছরের জন্য @ ১০% বা প্রতি ইকুইটি শেয়ারের জন্য ১ টাকা অন্তবর্তী লভ্যাংশ দিয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের জন্য অন্তর্বর্তীকালীন লভ্যাংশ সহ মোট লভ্যাংশ হল প্রতি ইক্যুইটি শেয়ারের ১০ টাকা অভিহিত মূল্যের ২.৫০ টাকা।

স্থান: কলকাতা
তারিখ : ১৮ মে, ২০২৬

ডিরেক্টর বোর্ডের পক্ষে
স্বা/-
ড. ওম তাঁতিয়া
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00001342

**বিকেএম ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
(CIN:- L27100WB2011PLC161235) ফোন নং : (০৩৩)-২২১৩২৩৭২/৭৩, ফ্যাক্স : (০৩৩)-২২১৩২৯০৩
ইমেল : cs.bkm@rediffmail.com, ওয়েবসাইট : www.bkmindustries.co.in

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ**

(লক্ষ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষস মাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | পূর্ববর্তী ৩ মাস সমাপ্ত ৩১.১২.২০২৫ অনিরীক্ষিত | অনুরূপ ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | ৩১.০৩.২০২৬ অনুযায়ী নিরীক্ষিত | ৩১.০৩.২০২৫ অনুযায়ী নিরীক্ষিত |
| ১. | কার্যাদি থেকে মোট আয় | ৬৭.৪৯ | ১.০৬ | ২২৪.২০ | ৬৯.০৪ | ২০.৬১ |
| ২. | নিট লাভ সময়কালের (কর, ব্যতিক্রমী এবং/ বা অতিরিক্ত দফা পূর্ববর্তী #) | -১৭২.১২ | -৪৬.৫৭ | -১০৭.৯১ | -৪১৬.৫৭ | -৫১৫.০১ |
| ৩. | নিট লাভ সময়কালের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/ বা অতিরিক্ত দফা পরবর্তী #) | -১৭২.১২ | -৪৬.৫৭ | -১০৭.৯১ | -৪১৬.৫৭ | -৫১৫.০১ |
| ৪. | নিট লাভ সময়কালের কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/ বা অতিরিক্ত দফা পরবর্তী #) | -১,০৬৩.৯১ | -৮৬.৫৭ | ৬৬.২৩ | -১,৩০৮.৩৬ | -৫৫৬.৬৯ |
| ৫. | উক্ত সময়ের জন্য মোট সামগ্রিক (ক্ষতি)/ লাভ {কর-পরবর্তী ক্ষতি/ আয় এবং অন্যান্য সামগ্রিক (ক্ষতি/ কর-পরবর্তী আয়) সমন্বয়ে} | ৩,৪৩৪.৮৪ | - ৮৬.৫৭ | -৬৬.২৩ | ৩,১৯০.৩৯ | -৫৫৬.৬৯ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ২১২.৩৫ | ১২.৩৫ | ১২.৩৫ | ২১২.৩৫ | ১২.৩৫ |
| ৭. | মজুত (পুনর্মূল্যায়ন মজুত ব্যতীত) | ১,১০১.৪৯ | ৯২৯.৩৭ | | ১,১০১.৪৯ | ৬.৮৪.৯২ |
| ৮. | শেয়ার প্রতি রোজগার (প্রতিটি ১০/- টাকার) (চলতি ও অচলতি কাজের জন্য) - মৌলিক : | -১০.১৯ | -৭.০১ | ৫.৩৬ | -৩৮.৮০ | -৪৫.০৭ |
| | মিশ্রিত : | ৮.৩৭ | - ৩.৯০ | - ৮.৫৫ | - ৪২.০৫ | - ১৬.৫৮ |

# কোম্পানির কোনও ব্যতিক্রমী এবং অতিরিক্ত দফা নেই।

স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের মূল সংখ্যা (লক্ষ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষস মাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | পূর্ববর্তী ৩ মাস সমাপ্ত ৩১.১২.২০২৫ অনিরীক্ষিত | অনুরূপ ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | ৩১.০৩.২০২৬ অনুযায়ী নিরীক্ষিত | ৩১.০৩.২০২৫ অনুযায়ী নিরীক্ষিত |
| ১. | কার্যাদি থেকে মোট রাজস্ব | ৬৭.৪৯ | ১.০৬ | ২২৪.২০ | ৬৯.০৪ | ২০.৬১ |
| ২. | চলতি কার্যাদি থেকে কর পূর্ব লাভ/(ক্ষতি) | -১৭২.১২ | -৪৬.৫৭ | ১০৭.৯১ | -৪১৬.৫৭ | -৫১৫.০১ |
| ৩. | চলতি কার্যাদি থেকে কর পরবর্তী লাভ/(ক্ষতি) | -১,০৬৩.৯১ | -৮৬.৫৭ | ৬৬.২৩ | -১,৩০৮.৩৬ | -৫৫৬.৬৯ |

দ্রষ্টব্য :
১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে, স্টক এক্সচেঞ্জসমূহে ফাইল করা ত্রৈমাসিক এবং বার্ষিক নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিস্তারিত ফর্মাটের সারসংক্ষেপ। ত্রৈমাসিক এবং বার্ষিক নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে বিএসই-র ওয়েবসাইট (www.bseindia.com) এবং এনএসই-র ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.bkmindustries.co.in) -এ।
২. কোম্পানিটি বার্ষিক ভিত্তিতে তার একত্রিত আর্থিক বিবরণী (কনসোলিডেটেড ফিন্যান্সিয়াল স্টেটমেন্ট) প্রস্তুত করেছে এবং উক্ত একত্রিত আর্থিক পরিসংখ্যানে কোম্পানির অধীনস্থ সংস্থা (সাবসিডিয়ারি)/ সহযোগী সংস্থা (অ্যাসোসিয়েট)/ যৌথ উদ্যোগের (জয়েন্ট ভেঞ্চার) হিসাব অন্তর্ভুক্ত রয়েছে, যথা ইউরোএশিয়ান ভেঞ্চার এফজেডই।
৩. পূর্ববর্তী সময়কালের পরিসংখ্যানগুলি পুনরায় গোষ্ঠীবদ্ধ করা হয়েছে এবং বর্তমান সময়ের শ্রেণিবিন্যাসের সাথে সামঞ্জস্য করার জন্য পুনরায় শ্রেণিবদ্ধ করা হয়েছে, যেখানে প্রয়োজন বলে মনে করা হয়।
৪. বিধিবদ্ধ নিরীক্ষকরা ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত সময়ের জন্য কোম্পানিকে ত্রৈমাসিক ও বার্ষিক নিরীক্ষিত আর্থিক ফলাফলের (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড) অসংশোধিত/সংশোধিত নিরীক্ষা প্রতিবেদন সরবরাহ করেছেন।
৫. কোম্পানিটি 'ইনড এএস ১৬' অনুযায়ী একজন নিবন্ধিত মূল্যায়নকারীর মাধ্যমে ২৭ মার্চ ২০২৬ তারিখে তার সিলভাসা এবং বাঁকুড়া ইউনিটের পিপিই -এর পুনর্মূল্যায়ন করেছে। সম্পদসমূহকে পুনর্মূল্যায়িত মূল্যে প্রদর্শন করা হয়েছে এবং পুনর্মূল্যায়ন উদ্বৃত্তের অর্থ পুনর্মূল্যায়ন সঞ্চিতিতে ক্রেডিট বা জমা করা হয়েছে।
৬. ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল -এর আদেশানুসারে, কোম্পানিটি ২১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে প্রবর্তক কোম্পানিকে প্রতিটি 'ওআরআই' মূল্যের ২,০০,০০,০০০টি ইক্যুইটি শেয়ার ইস্যু করেছে। এনসিএলটি আদেশের অধীনে অনুমোদিত পুনর্গঠন পরিকল্পনা অনুসারেই এই শেয়ার ইস্যু করা হয়েছে। ইস্যু করা ইক্যুইটি শেয়ারগুলি সম্পূর্ণরূপে পরিশোধিত এবং আর্থিক বিবরণীতে তা শেয়ার মূলধন হিসেবে নথিভুক্ত করা হয়েছে।

পরিচালনা পর্ষদের পক্ষে এবং আদেশানুসারে
অমিত সি
হোল-টাইম ডিরেকক্টর
(DIN 11003471)

স্থান: কলকাতা
তারিখ: ১৮.০৫.২০২৬

**ডব্লুপিআইএল লিমিটেড**
CIN: L36900WB1952PLC020274
রেজিস্টার্ড অফিস: "গোদরেজ জেনেসিস" বিল্ডিং, ইউনিট ১৪০৪, ১৫তম তল, সল্টলেক, সেক্টর-৫, কলকাতা - ৭০০ ০৯১

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | মার্চ ৩১, ২০২৬ (নিরীক্ষিত) | ডিসেম্বর ৩১, ২০২৫ (অনিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৫ (নিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৬ (নিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৫ (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৫২,৫৭২.০৯ | ৫৫,২০৮.২৫ | ৫৭,৭৬২.১২ | ১৯০,৪৪০.৩২ | ১৮৪,৪১৯.৫৬ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ববর্তী)" | ৬,৬৮৫.৭১ | ১০,৯২৬.৭৮ | ৬,৪৭৬.৭৯ | ২৮,৮০১.৪০ | ২৬,৬৬১.৮২ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)" | ৬,৬৮৫.৭১ | ১০,৯২৬.৭৮ | ৬,৪৭৬.৭৯ | ২৮,৮০১.৪০ | ২৬,৬৬১.৮২ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)" | ৪,৬৫২.৮০ | ৭,৫৫৬.৩৩ | (২,৩৭১.৭৯) | ১৯,৯৬১.৯২ | ১২,৬৬০.৩৯ |
| ৫ | সময়কালের মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] " | ৭,০১৪.৫৮ | ৯,২০৬.৫০ | ১,১৪০.৩৮ | ৩৩,৯৭১.৫৬ | ১৪,৬৬৭.৭৯ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ |
| ৭ | মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত ব্যালান্সসীটে প্রদর্শিতমতো) " | | | | ১৫৮,০৬০.৫২ | ১৩৬,২১৪.৩৮ |
| ৮ | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়) : ১. মৌলিক | ৪.১৪ | ৫.৫৬ | ০.১৮ | ১৬.১৯ | ১৩.৫২ |
| | ২. মিশ্রিত | ৪.১৪ | ৫.৫৬ | ০.১৮ | ১৬.১৯ | ১৩.৫২ |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সম্পূর্ণ আর্থিক ফলাফল এবং এর সারাংশ অডিট কমিটি কর্তৃক পুনরীক্ষিত এবং ২৩ মে, ২০২৫ তারিখের বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত হয়েছে। কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট (http://www.wpil.co.in/investor-lounge/shareholder-information/) এবং বোম্বাই স্টক এক্সচেঞ্জ (বিএসই) (www.bseindia.com) -তে। নীচে প্রদত্ত কিউআর কোডটি স্ক্যান করে এটি অ্যাক্সেস করা যেতে পারে।

স্থান: কলকাতা
তারিখ : ১৯ মে, ২০২৬

ডব্লুপিআইএল লিমিটেড -এর
পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
পি. আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00249468

**ডব্লুপিআইএল লিমিটেড**
CIN: L36900WB1952PLC020274
রেজিস্টার্ড অফিস: "গোদরেজ জেনেসিস" বিল্ডিং, ইউনিট ১৪০৪, ১৫তম তল, সল্টলেক, সেক্টর-৫, কলকাতা - ৭০০ ০৯১

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের স্ট্যান্ডঅ্যালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | মার্চ ৩১, ২০২৬ (নিরীক্ষিত) | ডিসেম্বর ৩১, ২০২৫ (অনিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৫ (নিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৬ (নিরীক্ষিত) | মার্চ ৩১, ২০২৫ (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ২১,৪২৪.৪১ | ২১,১১৪.২৭ | ৩৬,৮৭৩.২৮ | ৮০,১১৪.২৮ | ১১৭,৭৮৫.৩৬ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ববর্তী)" | ৫,২২৭.০৪ | ৪,৩৮১.৭৪ | ৬,১৮৮.১৭ | ১৫,৫৪৫.৭০ | ১৯,৩৩৪.২৪ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)" | ৫,২২৭.০৪ | ৪,৩৮১.৭৪ | ৬,১৮৮.১৭ | ১৫,৫৪৫.৭০ | ১৯,৩৩৪.২৪ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)" | ৪,০১৮.৭৬ | ৩,২৭৩.৩১ | ৪,৬০৭.৮৯ | ১১,৬৯৩.২৮ | ১৪,৩৮৪.৩৪ |
| ৫ | সময়কালের মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] " | ৪,০৫৫.৮৪ | ৩,৩৩০.১৮ | ৪,৬০৩.২২ | ১১,৭৯০.৩৪ | ১৪,৩৭৪.৫১ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ | ৯৭৬.৭১ |
| ৭ | মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত ব্যালান্সসীটে প্রদর্শিতমতো) " | | | | ৯৭,২৮৫.১৫ | ৮৭,৪৪৮.২২ |
| ৮ | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়) : ১. মৌলিক | ৪.১১ | ৩.৩৫ | ৪.৭২ | ১১.৯৭ | ১৪.৭৩ |
| | ২. মিশ্রিত | ৪.১১ | ৩.৩৫ | ৪.৭২ | ১১.৯৭ | ১৪.৭৩ |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা স্ট্যান্ডঅ্যালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সম্পূর্ণ আর্থিক ফলাফল এবং এর সারাংশ অডিট কমিটি কর্তৃক পুনরীক্ষিত এবং ২৩ মে, ২০২৫ তারিখের বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত হয়েছে। স্ট্যান্ডঅ্যালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট (http://www.wpil.co.in/investor-lounge/shareholder-information/) এবং বোম্বাই স্টক এক্সচেঞ্জ (বিএসই) (www.bseindia.com) -তে। নীচে প্রদত্ত কিউআর কোডটি স্ক্যান করে এটি অ্যাক্সেস করা যেতে পারে।

স্থান: কলকাতা
তারিখ : ১৯ মে, ২০২৬

ডব্লুপিআইএল লিমিটেড -এর
পরিচালন পর্ষদের পক্ষে
স্বা/-
পি. আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00249468